যুগান্তর

তারিখ ... 20 AUG 2009...
পৃষ্ঠা ...১৫... কলাম ...৫... ......

# রাজশাহী পলিটেকনিকে ছাত্রলীগ-ছাত্রমৈত্রীর সংঘর্ষে আহত ৫

রাজশাহী ব্যুরো

রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউটে বুধবার ছাত্রলীগ ও ছাত্রমৈত্রীর মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ৫ ছাত্রমৈত্রী কর্মী আহত হয়েছে। আহতদের মধ্যে ইমন, জাহিদ ও শহিদুল নামে তিনজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ক্যাম্পাসে এখনও উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময় আবারও সংঘর্ষের

সংঘর্ষে : পৃষ্ঠা ৭ : কলাম ৬

## সংঘর্ষে : রাজশাহী

আশংকা করা হচ্ছে। সংঘর্ষ এড়াতে ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্র সংগঠন দুটির দুই কর্মীর মধ্যে কথা কাটাকাটির জের ধরে গতকাল বেলা সাড়ে ১২টার দিকে ক্যাম্পাসে এ সংঘর্ষ হয়। এ ঘটনার জন্য ছাত্রলীগ ও ছাত্রমৈত্রীর নেতারা একে অপরকে দায়ী করেছেন। •